



# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০১.২২/

তারিখঃ ০৮ জুন ২০২৩

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ

মহাব্যবস্থাপক (কম্পট্রাকশন), চলতি দায়িত্ব

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ০৭-০৬-২০২৩

সময় : দুপুর ০২.৩০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা এবং কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় নির্ধারণে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ

ক) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদী।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়া মূল্যায়ন	২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে গত ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ইনোভেটিভ আইডিয়া আশ্রান করা হয়। এর প্রেক্ষিতে প্রাপ্ত আইডিয়াসমূহ মূল্যায়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়াসমূহ মূল্যায়নের জন্য ০৬(ছয়) সদস্য বিশিষ্ট একটি মূল্যায়ন কমিটি গঠন করতে হবে যারা যাচাই-বাছাইপূর্বক আইডিয়াসমূহ মূল্যায়ন করতঃ ইনোভেশন অফিসার বরাবর প্রতিবেদন দাখিল করবে।	ইনোভেশন টিম ও আইডিয়া মূল্যায়ন কমিটি।
২.২	ই ফাইল এর ব্যবহার বৃদ্ধিকরণ	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ২.১ অনুযায়ী ই ফাইলে নিষ্পত্তিকৃত মোট নথির শতকরা হার নির্ণয়ের লক্ষ্যে ৪র্থ ত্রৈমাসিক অর্থাৎ এপ্রিল ২০২৩ থেকে জুন ২০২৩ পর্যন্ত হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ও এ সংক্রান্ত প্রমানক সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	২০২২-২০২৩ অর্থ বছরের ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকের ন্যায় এবারও সকল ডিভিশন বরাবর হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা ও এ সংক্রান্ত প্রমানক প্রদান করার জন্য নির্দিষ্ট ফরম্যাটের ফর্ম প্রেরণ করতে হবে এবং আগামী ৩০-০৬-২০২৩ তারিখ পূরণকৃত ফর্মসমূহ ফেরত গ্রহণপূর্বক এই ত্রৈমাসিক পর্যন্ত ই ফাইলে নিষ্পত্তিকৃত মোট নথির শতকরা হার নির্ণয় করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব, ইনোভেশন টিম।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৩	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকসমূহ নিয়ে সভায় আলোচনা হয়। কার্যক্রম ৩.১ (ইনোভেশন শোকেসিং) সম্পর্কে স্বচ্ছ ধারণার জন্য সভাপতি মহোদয় পেট্রোবাংলার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট এর সাথে আলোচনা করার নির্দেশ প্রদান করেন।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ৩.১ (ইনোভেশন শোকেসিং) সম্পর্কে স্বচ্ছ ধারণার জন্য পেট্রোবাংলার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট এর সাথে আলোচনাপূর্বক করণীয় নির্ধারণ করতে হবে।	ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট, জেজিটিডিএসএল

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৬/০৬/২০২৩

(প্রকৌ. মোঃ সারোয়ার জাহান মাহমুদ)  
মহাব্যবস্থাপক (কন্সট্রাকশন), চলতি দায়িত্ব

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

**বিতরণঃ**

১। মহাব্যবস্থাপক(বিপণন-দক্ষিণ/বিপণন-উত্তর/পরিকল্পনা/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

**অনুলিপিঃ**

১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

২। দপ্তর নথি।